

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৩২

ধর্মনগর, ২৪ সেপ্টেম্বর, ২০২৪

প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযান
উত্তর ত্রিপুরা জেলায় ৩৭টি ভিলেজে বিভিন্ন কর্মসূচি

উত্তর ত্রিপুরা জেলার ৬টি ব্লকের ৩৭টি ভিলেজকে প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযানের আওতায় আনা হয়েছে। এই অভিযানে নির্বাচিত ভিলেজগুলির উন্নয়নে বিভিন্ন কর্মসূচি নেওয়া হবে। গতকাল উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। জেলাশাসক কার্যালয়ে ভিডিও কনফারেন্স হলে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে জেলাশাসক আরও জানান, প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযান প্রকল্পটি সম্প্রতি কেন্দ্রীয় মন্ত্রী সভায় অনুমোদিত হয়েছে। যে সমস্ত গ্রামের জনসংখ্যা ন্যূনতম ৫০০ বা তার অধিক এবং এর মধ্যে যদি ৫০ শতাংশ বা তার অধিক জনসংখ্যা জনজাতির সম্প্রদায়ের হয় তাহলে সেই গ্রামকে এই অভিযানের আওতায় আনা হবে। এই সমস্ত গ্রামগুলির পরিকাঠামো উন্নয়ন এবং জীবন জীবিকার মান উন্নয়নে ১৭টি দপ্তরের মাধ্যমে ২৫টি বিভিন্ন পরিষেবা ও প্রকল্প রূপায়ণ করা হবে। পরিষেবা ও প্রকল্পগুলির মধ্যে রয়েছে আবাসন, সড়ক নির্মাণ, পানীয়জল, সৌর বিদ্যুৎ, দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ, ইন্টারনেট সুবিধা, এলপিগি গ্যাস সংযোগ এবং কৃষি, উদ্যান, মৎস্য, প্রাণীসম্পদ ও বন ভিত্তিক কর্মসূচি রূপায়ণ। সাংবাদিক সম্মেলনে অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস ও অতিরিক্ত জেলাশাসক এল দার্লং উপস্থিত ছিলেন।
